

**প্রাথমিক শিক্ষা সমাপনী
হাতে হাতে ইংরেজির
কথিত প্রশ্ন : আজ
পরীক্ষা**

মুদ্রাক্ষর রিপোর্ট
দু'দিন ধরে (৩০ ও ৩১শে) প্রাথমিক শিক্ষা সমাপনী ইংরেজি পরীক্ষার কথিত প্রশ্ন, বিক্রি হয়েছে বলে খবর পাওয়া গেছে। এই প্রশ্নপত্র পরীক্ষার মতো পাওয়া যাবে বলেও নিশ্চিত করা হয়েছে। আজ বেলা ১১টার এ পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। এর আগে পণ্ডিত ও বাংলা পরীক্ষার অংশও প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ উঠেছিল। পরে বাংলা পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনা তদন্তে অতিরিক্ত সচিব এসএম আপারফুল ইসলামকে প্রধান করে তিন সদস্যবিশিষ্ট কমিটি গঠন করে প্রাথমিক ও গণশিক্ষা মহানালয়। তবে কমিটির অপর দুই সদস্যের নাম জানানো হয়নি। কমিটিকে পরবর্তী সাত কার্য দিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দিতে নির্দেশ দেয়া হয়েছে।

সার্বিক ব্যাপারে পরিবার বিভাগে মোবাইল ফোনে অতিরিক্ত সচিব এসএম আপারফুল ইসলামের কাছে জানতে চাইলে তিনি কোনো তথ্য জানতে অস্বীকার প্রকাশ করেন। গোপনীয়তার কারণে পৃষ্ঠা ১৯ : কলাম ৮

**প্রশ্ন : হাতে হাতে
(শেষ পৃষ্ঠার পর)**

কারণ জানতে চাইলে তিনি বলেন, মহানালয়ের পূর্বে পর্যায়ের নির্দেশনা ও নীতিমালা অনুসরণই সব করা হচ্ছে। আমি এই নির্দেশনার বাইরে যেতে পারি না।

ইংরেজির প্রশ্নপত্র ফাঁস হওয়া নিয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের (ডিপিইসি) মহাপরিচালক শ্যামল কান্তি খোঁস বলেন, ইংরেজি পরীক্ষার প্রসঙ্গের সঙ্গে কথিত প্রশ্নপত্র মিলে গেলে মহানালয় এ ব্যাপারে করণীয় ঠিক করবে।

২০ নভেম্বর থেকে প্রাথমিক সমাপনী পরীক্ষা শুরু হয়। সারা দেশে একযোগে ৫ম শ্রেণীর সাধারণ এবং মাদ্রাসা স্তরের শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশ নিচ্ছে।

ফাঁস হওয়া ইংরেজির কথিত প্রশ্নপত্র : চলতি বছর থেকে চালু করা ইংরেজি শিল্পবাসের আদিকে মজাবনে হয়েছে প্রশ্নপত্র। ফাঁস হওয়া এই কথিত প্রশ্নপত্র হচ্ছে (১) Dialogue : A Book Fair (২) Letter : তোমার Hobby সম্পর্কে জানিয়ে বন্ধুকে পত্র লিখ (৩) Short Composition : Birthday Party or Your Class Room (৪) Form পূরণ : The Name of Applicant, Father's Name, Mother's Name, Seeking to Admission to Class, Date of Birth, Signature (৫) Re-arrange: Long time when Raju was in class five (৬) Punctuation : Page No. 46 (৭) Bengali to English : page 67 and 68 (There are 365 days in a year. A Leap Year has 366 days..(৮) English to Bengali : page 66 (৯) Unseen Passage : The name of Mamun's home is Kishorgonj... এ পর্যায়ে থেকে একটি অনুচ্ছেদ আসবে। তা থেকে বিভিন্ন প্রশ্নের উত্তর দিতে বলা হবে। (১০) Seen Passage : Balal is a little boy... he kills an ant. গাঠানইয়ের এ অনুশীলনী থেকে একটি অনুচ্ছেদ আসবে। এই অনুচ্ছেদ থেকে পরীক্ষার্থীদের ঠিক ঠিক সত্যমিথ্যাসহ বিভিন্ন প্রশ্নের উত্তর দিতে হবে।